# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ জিহাদ ও সন্ত্রাস

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মুসলিম দেশে মানব রচিত আইন দ্বারা পরিচালিত মুসলিম শাসককে সরিয়ে ইসলামী রাষ্ট্র কিভাবে কায়েম হবে?

ইসলামী রাষ্ট্র কায়েম হবে মুসলিম জনজাগরণে মাধ্যমে। মুসলিমরা আল্লাহর দিকে প্রত্যাবর্তন করবে, আকিদাহ পরিশুদ্ধ করবে, নিজের পরিবার পরিবর্গকে সঠিক ইসলামী তরবিয়ত দেবে, তবেই ইসলাম কায়েম হবে। মহান আল্লাহ বলেছেন,

“নিশ্চয় আল্লাহ কোন সম্প্রদায়ের অবস্থা পরিবর্তন করেন না, যতক্ষণ না তারা নিজেদের অবস্থা নিজেরা পরিবর্তন করে।” (রা’দঃ ১১)

উলামাগন বলেন, ‘তোমরা তোমাদের হৃদয়ে হৃদয়ে ইসলাম কায়েম কর, তোমাদের রাষ্ট্রে ইসলাম কায়েম হয়ে যাবে।’ অন্যথা সন্ত্রাস, পশ্চিমী গনতন্ত্র ইত্যাদি ইসলামী রাষ্ট্র কায়েম করার শরয়ী পদ্ধতি নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2309

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন